

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি)

১০ অক্টোবর ২০২১খ্রি.

কলেজিয়াট স্কুলে টিকা রেজিস্ট্রেশন অনুষ্ঠানে মেয়র করোনা সংক্রমণের পর স্কুল খুলেছে তবে প্রাণের দুয়ার যাতে বিপন্ন না হয়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, করোনা সংক্রমণ শুরুর প্রায় ১৮ মাস পর শিক্ষাঙ্গন খুলেছে, তাই শিক্ষার্থীদের প্রাণের দুয়ার খুলে গেছে। তবে করোনাকালের থাবা অবদমিত হলেও আবারও তা হানা দিতে পারে। তাই এতদিনের ঠাণ্ডা-সুরক্ষার যে পদ্ধতি ও আচরণবিধি রপ্ত করেছি তা যেন প্রতিদিনের প্রাত্যহিকতায় পরিণত হয়। এ কারণে শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণের পাশাপাশি এই শিক্ষাটির পাঠও নিতে হবে। তাই বলি করোনা সংক্রমণের পর স্কুল খুলেছে তবে প্রাণের দুয়ার যাতে বিপন্ন না হয়।

আজ রোববার চট্টগ্রাম কলেজিয়াট স্কুল প্রাঙ্গনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে আয়োজিত বিশেষ ফ্লোটিলা ক্যাম্পিং-২০২১(বিএনসিসি)এ ফ্রি টিকা রেজিস্ট্রেশন ও র্যালি কার্যক্রমে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে এ কথা বলেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন সংসদ সদস্য মোস্তাফিজুর রহমান, কাউন্সিলর মো. আতাউল্লাহ, চট্টগ্রাম ফ্লোটিলা ফ্লোটিলা কমান্ডার লে. মো. গোলাম মোহাইমেন, কলেজিয়াট স্কুলের প্রধান শিক্ষক মো. সিরাজুল ইসলাম, চট্টগ্রাম ফ্লোটিলা বিএনসিসি, পিইউও, টিইউও সহ সামরিক বেসামরিক কর্মচারী ও ক্যাডেটগণ। অনুষ্ঠানের শুরুতে মেয়র র্যালি উদ্বোধন করেন এবং বিভিন্ন জায়গা প্রদক্ষিণ করা হয়, পরে কলেজিয়াট স্কুল প্রাঙ্গণে করোনার টিকা রেজিস্ট্রেশন বুথও উদ্বোধন করা হয়। ফ্লোটিলা কমান্ডার লে. মো. গোলাম মোহাইমেন বলেন, বিএনসিসির ক্যাডেটবৃন্দ তাদের দায়িত্ব হিসেবে করোনা সংক্রমণের শুরু থেকেই বিএনসিসির মহাপরিচালক বিগ্রেডিয়ার জেনারেল নাহিদুল ইসলাম খানের নির্দেশনায় কাজ করে যাচ্ছেন এবং ভবিষ্যতেও কাজ করে যাবেন। মেয়র বলেন, ৭১ সালের পূর্বে আমরা যারা স্কুল ছাত্র ছিলাম ক্যাডেট হিসেবে ট্রেনিং গ্রহণ করেছিলাম যা পরবর্তীতে মুক্তিযুদ্ধে আমাদের জন্য সহায়ক হয়েছিলো। তিনি বিএনসিসি ফ্লোটিলা ক্যাম্পে যে প্রশিক্ষণ দেয়া হবে তা জাতীয় দুর্যোগকালীন সময়ে কাজে লাগানোর জন্য প্রশিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

শারদীয় দুর্গোপূজা উপলক্ষে বস্ত্র বিতরণ অনুষ্ঠানে মেয়র সামান্য উপহার সম্প্রীতির সম্পর্কের বন্ধন হোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, ধনী-নির্ধন ব্যবধান ঘুচিয়ে যে দিন সামাজিক সাম্য আসবে তখন কাউকে দান করতে হবে না। তিনি শারদীয় দুর্গোৎসবকে সার্বজনীন উৎসব হিসেবে আখ্যায়িত করে বলেন, সাম্প্রদায়িক সম্প্রীতি হচ্ছে বাংলাদেশের মুক্তিযুদ্ধের ফসল। এই উৎসবকে সামনে রেখে সামান্য বস্ত্র পাচ্ছেন যারা তা যেন আপনারদের দারিদ্র্য নিবারণের অবলম্বন হয়। এই সামান্য উপহার হোক সম্প্রীতির সম্পর্কের বন্ধন। তিনি আজ রোববার আলকরণ ওয়ার্ডে স্থানীয় কাউন্সিলর আবদুস সালাম মাসুমে'র পক্ষ থেকে দুস্থদের মাঝে বস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। ওয়ার্ড কাউন্সিলর আবদুস সালাম মাসুমে'র সভাপতিত্বে অনুষ্ঠিত উপহার বিতরণ অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, পুলক খানসুগী, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর নিলু নাগ, মুক্তিযোদ্ধা মুকুল দাশ, শ্যামল মিত্র, মানস কুমার রায়, ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি (আলকরণ) আব্দুল মোতালেব, মো. ইসহাক, ঠাণ্ডা পন ভট্টাচার্য প্রমুখ।

তিনি সকলকে শারদীয় শুভেচ্ছা জানিয়ে বলেন, শান্তি-শৃঙ্খলা ও স্বাস্থ্যবিধি সুরক্ষা আমাদের সম্মিলিত প্রয়াস। তা হলেই উৎসব সফল হবে। তিনি প্রতিমা নিরঞ্জনে সিটি কর্পোরেশন যে নির্দেশনা দিয়েছে তা পালন করে উৎসব স্বার্থক করার আহ্বান জানান।

একটি কল্যাণ রাষ্ট্রে কোন সম্প্রদায়কে সংখ্যালঘু ভাববার কোন অবকাশ নেই - মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, একটি কল্যাণ রাষ্ট্রে কোন সম্প্রদায়কে সংখ্যালঘু ভাববার কোন অবকাশ নেই। ৭১ র মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত বাংলাদেশ সেই চেতনা আমাদের উপহার দিয়েছে। এই চেতনাকে সমুন্নত রেখে আগামীর সোনার বাংলা বিনির্মাণ প্রতিষ্ঠা করায় হবে এর মূল স্বার্থকতা। তিনি আজ রোববার শারদীয় দুর্গোপূজা উপলক্ষে থানা এবং মন্ডপ কমিটির নেতৃবৃন্দের সাথে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে এ কথা বলেন। জনক-জননী গুয়েলফেয়ার ফাউন্ডেশন চট্টগ্রামের উদ্যোগে মহানগর যুবলীগের যুগ্ম আহ্বায়ক ফরিদ মাহমুদের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বক্তব্য রাখেন কাউন্সিলর মো. ওয়াসিম উদ্দিন চৌধুরী, আবুল হাসনাত মো. বেলাল, সংরক্ষিত কাউন্সিলর আনঞ্জুমান আরা, ষোলকবহর আওয়ামী লীগের সভাপতি মো. আতিকুর রহমান, সাধারণ সম্পাদক শেখ সরোয়ারদী, নগর যুবলীগ সদস্য সুরুথ কুমার চৌধুরী, শেখ নাছির আহমেদ, নেছার আহমেদ, দেলুয়ার হোসেন দেলু, দেবশীষ নাথ দেবু, বাবলু দাশ, স্টাইলিন দে. ডা. সমুন তালুকদার, তমাল চৌধুরী, তপন সিংহ, দিনবন্ধু দাশ, যীশু নাথ, নান্টু চৌধুরী, লিখন দেব নাথ, সুমন কান্তি নাথ, রুবেল শীল, সুজন সর্বাধিকার, জনি শীল শিবু প্রমুখ।

মেয়র আরো বলেন, আমরা যে যেই ধর্ম পালন করি না কেন, ধর্মীয় উৎসবগুলো জাতীয়ভাবে আমাদের কাছে সমাদৃত। অর্থাৎ 'ধর্ম যার যার, রাষ্ট্র সবার' এই চেতনার উপর ভিত্তি করে বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে আমরা যে বাংলাদেশ বিনির্মাণ করেছি তাতে অশুভ সাম্প্রদায়িক শক্তি যেন মাথাচারা দিয়ে উঠতে না পারে সেদিকে সর্বকদম্টি রাখতে হবে। তিনি কোভিড সংক্রমণের বিষয়টির উপর গুরুত্ব দিয়ে ঠাণ্ডা অধিদপ্তর কর্তৃক নির্দেশিত বিধি নিষেধ অনুসরণ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে নগরীর ৫৭টি পূজা মন্ডপের জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩